



## পিআইবি'র ইনোভেশন টিম এর ৩০.০৭.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ৩০.০৭.২০১৯ তারিখ বেলা ৩.০০ টায় পরিচালক (প্রশাসন), জনাব মো. ইলিয়াস ভূইয়া-  
এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক	সদস্য
২.	ড. কামরুল হক, রিসার্চ অফিসার	সদস্য
৩.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব	সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, তথ্য মন্ত্রণালয় পত্রের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থ বছরে বাস্তবায়িত উদ্ভাবন ও ডিজিটাল সেবার নাম ও কার্যক্রমের অগ্রগতির তথ্য প্রেরণের জন্য অনুরোধ করেছে। সে অনুযায়ী দুটি ছক প্রদান করেছে। এছাড়া ইতিমধ্যে পিআইবি'র বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৮-২০১৯-এর বাস্তবায়ন অগ্রগতির স্বমূল্যায়ন প্রতিবেদন এবং পিআইবি'র উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২০১৮-২০১৯ অর্থবছরে গৃহীত/বাস্তবায়িত উদ্ভাবনগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পিআইবি গ্রন্থাগারের সকল বইয়ের ক্যাটালগ কম্পিউটারাইজ করার কাজটি সফলভাবে এগিয়ে চলেছে। এর মধ্যে প্রায় ৮০ ভাগ কাজ সম্পন্ন হয়েছে। আগামী ৩/৪ মাসের মধ্যে পুরো কাজ শেষ হবে বলে লাইব্রেরিয়ান জানিয়েছেন। কোন প্রকল্প না নিয়ে ও কোন অর্থ ব্যয় না করে এবং দাপ্তরিক নিজস্ব কাজের পাশপাশি এ কাজ করায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানানো হয়। গত অর্থবছরে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ না পাওয়ায় “পিআইবি'র প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তিরোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরি” বিষয়ক উদ্ভাবনটি বাস্তবায়ন করা সম্ভব হয় নি। বর্তমান অর্থবছরে উক্ত কার্যক্রমটি পুনরায় অন্তর্ভুক্ত করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। এছাড়া “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের ব্যবস্থা” বিষয়ক কার্যক্রমটি গত কয়েক বছর ধরে সন্তোষজনকভাবে চলমান রয়েছে। এ বিষয়ে পরিচালক (প্রশাসন) মহোদয় জানান, আগামী অর্থ বছর থেকে অংশগ্রহণকারীদের নিকট থেকে নির্ধারিত ফি গ্রহণপূর্বক অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণ কার্যক্রম চালু রাখা যেতে পারে। তাছাড়া পিআইবি'র মোবাইল এপ্লিকেশন তৈরির বিষয়ে মোবাইল গেইমস প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে উদ্যোগ নেয়া হয়েছে। ২০১৯-২০২০ অর্থবছরের মধ্যে উক্ত কাজ সম্পন্ন করা সম্ভব হবে বলে প্রকল্প পরিচালক মহোদয় মৌখিকভাবে জানিয়েছেন।

এ পরিপ্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্যে পিআইবি'র নিম্নোক্ত উদ্ভাবন প্রকল্প নির্ধারণ করা হয়ঃ

- পিআইবি'র প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তিরোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরি করা
- অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা
- পিআইবি'র মোবাইল এপ্লিকেশন তৈরি করা

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. ইলিয়াস ভূইয়া)  
ইনোভেশন অফিসার  
ও  
পরিচালক (প্রশাসন)